



নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৭-৪৩৭

২৪ অক্টোবর ১৪২৭ বঙ্গাব্দ
তারিখঃ

০৭.১২.২০২০ খ্রি.

আদেশ

যেহেতু ডা. গোবিন্দ চন্দ্র সাহা (৩৩৩২৯), সহযোগী অধ্যাপক (ফিজিওলজি), কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার-এর বিরুদ্ধে তার প্রাক্তন কর্মস্থল শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশালে প্রায়শই বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় পাশ করিয়ে দেয়ার আশ্বাস দিয়ে তাদের নিকট থেকে উৎকোচ গ্রহণের অভিযোগ পাওয়া যায়;

যেহেতু উক্ত অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের দায়ে ১৬.০২.২০১৭ খ্রি. তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৭-৮৪ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তে তার বিরুদ্ধে আনীত ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় পাশ করিয়ে দেয়ার আশ্বাস দিয়ে তাদের নিকট থেকে উৎকোচ গ্রহণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি এবং সেপ্টেম্বর ২০১৩ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত সময়ে বিচ্ছিন্নভাবে নিম্নবর্ণিত সর্বমোট ৬০ (ষাট) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার বিষয়টি প্রমাণিত হয়েছে:

ক্রমিক নং	বছর ও মাস	অনুপস্থিতির সময়	দিন
১	সেপ্টেম্বর, ২০১৩ খ্রি.	৩ তারিখ ও ২৮ হতে ৩০ তারিখ পর্যন্ত	৪ দিন
২	নভেম্বর, ২০১৩ খ্রি.	৯ হতে ১৪ তারিখ এবং ২৩ ও ২৪ তারিখ	৭ দিন
৩	ডিসেম্বর, ২০১৩ খ্রি.	৪, ১১, ২১ ও ২৬ তারিখ	৪ দিন
৪	জানুয়ারি, ২০১৪ খ্রি.	২৫ তারিখ	১ দিন
৫	মার্চ, ২০১৪ খ্রি.	১০, ১১, ১২, ১৩, ১৮, ২৫, ২৭, ২৯ ও ৩০ তারিখ	৯ দিন
৬	এপ্রিল, ২০১৪ খ্রি.	১২, ১৫ ও ১৬ তারিখ	৩ দিন
৭	মে, ২০১৪ খ্রি.	১০ এবং ১৮ হতে ২৭ তারিখ	১১ দিন
৮	জানুয়ারি, ২০১৫ খ্রি.	১৪, ১৫, ১৭, ২২, ২৪ ও ২৯ তারিখ	৬ দিন
৯	ফেব্রুয়ারি, ২০১৫ খ্রি.	৫ ও ২৩ তারিখ	২ দিন
১০	মার্চ, ২০১৫ খ্রি.	১৬ এবং ১৮ হতে ২৯ তারিখ	১৩ দিন
		মোট	৬০ দিন

সেহেতু ডা. গোবিন্দ চন্দ্র সাহা'র বিরুদ্ধে আনীত অভিযোগে তদন্ত প্রতিবেদন বিবেচনায় সেপ্টেম্বর ২০১৩ থেকে মার্চ ২০১৫ পর্যন্ত বিভিন্ন সময়ে উপরোল্লিখিত অনুপস্থিতির মোট ৬০ (ষাট) দিন সময়কে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি ৯(৩)(১) অনুযায়ী বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলে এবং তিনি পূর্বে বর্ণিত সময়ের বেতন ভাতাদি উত্তোলন করে থাকলে তাকে উক্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। তিনি ভবিষ্যতে এ বিষয়ে বকেয়া সুবিধাদি দাবি করতে পারবেন না। তার এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

০৭/১২/২০২০
(মো. আবদুল মান্নান)

সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০১৩.২০১৭- ৪৩৭/২(১৩)

তারিখঃ ০৭.১২.২০২০ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি উক্ত কর্মকর্তার পিডিএস ও ডাটাবেইজে সংরক্ষণ করার অনুরোধসহ)
- ৪। অধ্যক্ষ, কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার/শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের অনুরোধসহ)
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। {পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধসহ}
- ৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বরিশাল
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বরিশাল/কক্সবাজার
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১২। ডা. গোবিন্দ চন্দ্র সাহা (৩৩৩২৯), সহযোগী অধ্যাপক (ফিজিওলজি), কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার
- ১৩। অফিস কপি

০৭.১২.২০২০ খ্রি.
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hsg.gov.bd